

উড়তে শুরুর পরই টুকরো টুকরো উড়োজাহাজের ইঞ্জিন

- A Monitor Desk Report

Date: 09 April, 2024



আকাশে উড়তেই বিপত্তি। টুকরো টুকরো হয়ে গেল উড়োজাহাজের ইঞ্জিনের একাংশ! আমেরিকায় সাউথওয়েস্ট এয়ারলাইন্স বোয়িং ৭৩৭-এ ঘটনাটি ঘটেছে। যদিও সেই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। বিষয়টি প্রকাশ্যে আসার কিছুক্ষণ পরেই চালক জরুরি ভিত্তিতে উড়োজাহাজের অবতরণ করান। পুরো ঘটনার একটি ভিডিও ইতোমধ্যেই প্রকাশ্যে এসেছে।

সংবাদমাধ্যম সূত্রে খবর, রবিবার (৭ এপ্রিল) সকালে আমেরিকার ডেনভার থেকে হিউস্টনের উদ্দেশে রওনা দেয় বোয়িং ৭৩৭ উড়োজাহাজটি। রানওয়ে দিয়ে ছুটে যাওয়ার সময় বেশ কয়েকজন যাত্রী এবং কর্মী দেখেন উড়োজাহাজটির ইঞ্জিনের বাইরের অংশ ছিঁড়ে গিয়েছে। কর্মীরা চালককে বিষয়টি জানান। উড়তে শুরু করার ২৫ মিনিটের মধ্যেই আবার ডেনভার আন্তর্জাতিক বিমানবন্দরে উড়োজাহাজটির জরুরি অবতরণ করান চালক।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, বিমানে প্রায় ১৫০ জন যাত্রী ছিলেন। বিমান রানওয়ে দিয়ে যাওয়ার সময় একটি ঝাঁকুনি অনুভব করেন তারা। এর পরেই বিষয়টি প্রকাশ্যে আসে। দূত পদক্ষেপ করে সকলকে নিরাপদে ফিরিয়ে আনার জন্য বিমানের চালককে ধন্যবাদ দিয়েছেন অনেকে।

-B